৬ নং পাঁচুড়িয়া ইউনিয়ন পরিষদ

অফিসঃ চাঁদড়া, উপজেলাঃ- আলফাডাঙ্গা

জেলাঃ ফরিদপুর। মোবাইলঃ ০১৭১৩-০০৯১০৬

স্মারক নং- পাঁ/ইউপি/আলফা/ফরিদ- তারিখঃ ১৯/০৯/২০২৩ ইং

০৬ নং পাঁচুড়িয়া ইউনিয়ন সার্বজনীন জন্ম-মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স সভার কার্যবিবরণী

ক্রঃ নং	নাম	পরিচয়	কমিটিতে পদবী	ইমেইল	মোবাইল নং
১.	এস,এম, মিজানুর রহমান	চেয়ারম্যান	সভাপতি	mitmizanur2010@gmail.com	০১৭১৩০০৯১০৬
২.	জনাব মেরীনা বেগম	সংরক্ষিত সদস্য-১	সদস্য		০১৯৯৯৩৯৯৭৭৩
৩.	জনাা মোসাঃ শিরিনা বেগম	সংরক্ষিত সদস্য-২	সদস্য		০১৯৮৮৩৮০৯৩৭
৪.	জনাব মোসাঃ শিল্পী বেগম	সংরক্ষিত সদস্য-৩	সদস্য		০১৭৮৬৩৭২০৩৪
৫.	জনাব মোঃ সাইফুর রহমান	ইউপি সদস্য-৩	সদস্য		০১৯৩৩০২৩৩৩৫
৬.	জনাব মোঃ ফিরোজ মোল্যা	ইউপি সদস্য-৭	সদস্য		০১৯২০৭৮৫১৯৭
৭.	জনাব মোঃ আলমগীর হোসেন	ইউপি সদস্য-৮	সদস্য		০১৭১৩৫৭৪২৬০
৮.	মোসাঃ হাসিয়া	সহকারী শিক্ষক, চাঁদড়া সরকারি প্রথমিক বিদ্যালয়	সদস্য		০১৭২৫৯৮৩৫০৪
৯.	মোঃ বাকু শেখ	আনসার ভিডিপি	সদস্য		০১৯৬০৬৯১৯৩৯
১০.	মোঃ ফরিদ মৃধা	বাজার কমিটির সহ-সভাপতি	সদস্য		০১৭৩৬৭৮৫৪৩৭
১১.	আলতাব শিকদার	স্বেচ্ছাসেবী সংস্থা	সদস্য		০১৯১২১২৫৩৪৮
১২.	আছিয়া খানম	জাতীয় মহিলা সংস্থা	সদস্য		০১৯২৮৭১৯৫৩৫
১৩.	স্বপন কর্মকার	উপ-সহকারী কৃষি কর্মকর্তা	সদস্য		০১৭১৫২৯০৮৬৩
১৪.	মোঃ জিয়াউর রহমান	ফ্যামিলি ওয়েলফেয়ার ভিজিটর	সদস্য		০১৭১৩৫১৭৪৬২
১৫.	মোঃ রুবেল হাসান	ইউপি সচিব	সদস্য সচিব		০১৯৬৯৩৩৪০৩৪

(এস, এম মিজানুর রহমান)
চেয়ারম্যান
০৬ নং পাঁচুড়িয়া ইউনিয়ন পরিষদ
আলফাডাঙ্গা, ফরিদপুর।

০৬ নং পাঁচুড়িয়া ইউনিয়ন সার্বজনীন জন্ম-মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স সভার কার্যবিবরণী

সভাপতি	ঃ জনাব এস, এম, মিজানুর রহমান, চেয়ারম্যান ০৬ নং পাঁচুড়িয়া ইউপি, আলফাডাঙ্গা, ফরিদপুর।
সভার স্থান	ঃ ইউপি অফিস।
তারিখ	ঃ ১৯/০৯/২০২৩ ইং সময়: সকাল ১০ ঘটিকা।
উপস্থিতি	ঃ সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ও স্বাক্ষর পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী, মহান স্বাধীনতার স্থপতি ও জাতির পিতা শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্ট জাতির পিতার পরিবারের শাহাদত বরণকারী সকল সদস্যকে শ্রদ্ধাভরে স্মরণ করে সভার কাজ শুরু করেন। তিনি উপস্থিত সকলের উদ্দেশ্যে সার্বজনীন জন্ম-মৃত্যু নিবন্ধনের গুরুত্বও তুলে ধরেন। জন্ম-মৃত্যু নিবন্ধনের বহুমাত্রিক ব্যবহার ও প্রয়োজনীয়তা সম্পর্কেও তিনি বিস্তারিত আলোচনা করেন। সভাতে গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোনরুপ সংশোধন, সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

১. ০-৪৫ দিন বয়সী শিশুর জন্ম নিবন্ধন ও ০-৪৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধন বিষয়ে আলোচনাঃ

সভাতে ০-৪৫ দিন বয়সী শিশুর জন্ম নিবন্ধন ও ০-৪৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধন কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। আলোচনাকালে জানা যায় যে, পাঁচুড়িয়া ইউনিয়নে গত মাসে ০-৪৫ দিন বয়সী শিশুর জন্ম নিবন্ধন ও ০-৪৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধনের হার খুবই সন্তোষজনক। এই সন্তোষজনক ফলাফলের জন্য সভাপতি উক্ত কাজের সাথে সংশ্লিষ্ট সকলকে বিশেষতঃ গ্রামপুলিশ ও কমিটির সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানান। তিনি আরও জানান যে, জন্ম-মৃত্যু নিবন্ধন আইন-২০০৪ (সংশোধিত ২০১৩) এর ৮(১) ও ৮(২) ধারা অনুযায়ী শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার বাধ্যবাধকতা রয়েছে। উক্ত আইনের ধারা অনুযায়ী সরকার কর্তৃক জন্মের বা মৃত্যুর ৪৫ দিনের নিবন্ধন শতভাগকরণের কঠোর নির্দেশনার কথাও তিনি সভাতে উল্লেখ করেন। শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে মৃত্যু নিবন্ধনের জন্য প্রয়োজনীয় তথ্য নিবন্ধকের নিকট প্রদানের বিষয়ে অভিভাবকগণকে সচেতন করার বিষয়ে তিনি সকল সদস্যের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং প্রচার-প্রচারণা অব্যহত রাখারও আহ্বান জানান

সভাতে ইউপি সদস্যবৃন্দ জানান যে, আমাদের প্রচার-প্রচারণা যথাযথ হচ্ছে এবং জনগণের মধ্যে একটি পরিবর্তন লক্ষ্য করাও যাচ্ছে। কিছু কিছু অভিভাবক এবিষয়ে অনিহা প্রকাশও করছে, তাদেরকে আইন ও বিধির আলোকে বুঝানোর ফলে তারাও আগ্রহ প্রকাশ করছে মর্মে সভাকে অবহিত করেন।

সহকারী স্বাস্থ্য পরিদর্শক জনাব মোঃ জিয়াউর রহমান জানান যে, তাদের বিভাগের পক্ষ থেকেও ব্যাপক প্রচার করা হচ্ছে; প্রতি সপ্তাহের ইপিআই টিকা প্রদানের সময়ও তারা নবাগত শিশুর পিতা-মাতাকে তাদের নিবন্ধন করার বিষয়ে জোর পরামর্শ প্রদান করছেন। পাশাপাশি মৃত্যু নিবন্ধনের জন্যও তারা জনগণকে পরামর্শ প্রদান করছেন।

পরিবার পরিকল্পনা পরিদর্শক জনাব মোসাঃ সাদিয়া জানান যে, তাদের বিভাগের কর্মীগণ যখন মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা সেবা প্রদান করছেন তখন তারা সকল স্তরের জনগণকে শিশুর জন্মের পরপরই জন্ম নিবন্ধন করার বিষয়ে সচেতন করছেন। এছাড়াও তাদের পক্ষ থেকে প্রতি মাসের নির্ধারিত ফরমে তথ্যও নিয়মিত প্রদান করছেন। তবে তিনি জানান যে, তাদের বিভাগের কর্মী সংকটের কারণে চাহিত তথ্য সঠিক সময়ে পেতে কিছুটা সমস্যা হচ্ছে; তিনি আশা প্রকাশ করেন যে, আগামীতে কর্মী সংকট থাকলেও তারা যথাযথ সময়ে তথ্য সরবরাহ করবেন

এনজিও প্রতিনিধি (ব্র্যাক) জনাব মোঃ রবিউল ইসলাম জানান যে, তাদের কর্মীগণ প্রতিদিনই ঋণ আদায়ের জন্য গ্রামে গ্রামে যান, সেখানে তারা সকল বয়সী ব্যক্তির জন্ম নিবন্ধনের বিষয়ে ইতিপূর্বে প্রচার করেছেন; কিন্তু বর্তমানে শিশুর ০-৪৫ দিনের মধ্যে ও ০-৪৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধনের কঠোর নির্দেশনা থাকায় তারাও জোর প্রচারনা চালাবেন মর্মে সভাকে অবহিত করেন।

মোঃ রফিকুল ইসলাম, সভাপতি, পাঁচুড়িয়া ইউনিয়ন আওয়ামীলীগ ও বিশিষ্ট সমাজ সেবক, সভাতে জানান যে, এই

কমিটির সকল সদস্যের ব্যাপক প্রচার-প্রচারণার ফলে জনগণের মাঝে একটি ইতিবাচক পরিবর্তন দৃশ্যমান হয়েছে। ভবিষ্যতে এই প্র চাণা অব্যহত থাকলে আমরা আমাদের কাংক্ষিত লক্ষ্যে অবশ্যই পৌঁছতে পারবো বলে তিনি আশা প্রকাশ করেন। তার পক্ষ থেকে সকল প্রকার প্রচারনাও জোরদার করবেন মর্মে সভাকে অবহিত করেন। তিনি আরও জানান যে, তারা প্রায়ই বিভিন্ন স্থানে জানাযায় যান, সেখানে তিনি মৃত্যু নিবন্ধনের বিষয়েও প্রচারনা করবেন।

সিদ্ধান্ত-১ঃ ০-৪৫ দিন বয়সী শিশুর জন্মা নিবন্ধন ও ০-৪৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধনের জন্য কার্যকর প্রচার-প্রচারণা চলছে এবং ভবিষ্যতেও এই প্রচারণা অব্যহত থাকবে। কাংক্ষিত বয়সী শিশুর নিবন্ধনের জন্য শিশুর পিতা-মাতা/আত্মীয়-স্বজন/অভিভাবগণের এবং মৃত্যুর ৪৫ দিনের মধ্যে মৃত্যু নিবন্ধনের জন্য সচেতনতা বৃদ্ধি কার্যক্রম জোরদার করা হবে। সদ্য জন্ম গ্রহণকৃত শিশুর নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন সঠিকভাবে হচ্ছে কিনা তা সদস্যগণ সময়ে সময়ে তদারকি করবেন। গ্রামপুলিশগণ সদ্য জন্মগ্রহণকৃত শিশুর তথ্য ও মৃত ব্যক্তির তথ্য সংগ্রহে সদা তৎপর থাকবেন; প্রাপ্ত তথ্য তারা তাদেরকে সরবরাহকৃত রেজিস্টারে সঠিকভাবে লিপিবদ্ধ করবেন। জন্ম ও মৃত্যু নিবন্ধনের জন্য ওয়ার্ড সদস্যগণ নিজ নিজ ওয়ার্ডের মসজিদের মাইকেও প্রচারের ব্যবস্থা করবেন।

বাস্তবায়নকারীঃ চেয়ারম্যান, সচিব, ওয়ার্ড সদস্যবৃন্দ, গ্রামপুলিশবৃন্দ এবং কমিটির অন্যান্য সদস্যবৃন্দ।

জুন/২০২৩ মাসের ০-১ বছর বয়সী শিশুর জন্ম নিবন্ধন সংক্রান্ত তথ

ক্রমিক নং	উপজেলার নাম	ইউনিয়নের নাম	মাসের নাম	জন্ম গ্রহণকৃত শিশুর সংখ্যা(৩০/০৬/২০২৩ পর্যন্ত)	০-১ বছর বয়সী শিশুর নিবন্ধনের সংখ্যা	০-১ বছর বয়সী শিশুর জন্ম সনদ প্রস্তুত সংখ্যা	০-১ বছর বয়সী শিশুর জন্ম সনদ বিতরণের সংখ্যা
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	আলফাডাঙ্গা	পাঁচুড়িয়া	জুন/২০২৩	৪৫	৩০	৩০	৩০

জুলাই/২০২৩ মাসের ০-১ বছর বয়সী শিশুর জন্ম নিবন্ধন সংক্রান্ত তথ

ক্রমিক নং	উপজেলার নাম	ইউনিয়নের নাম	মাসের নাম	জন্ম গ্রহণকৃত শিশুর সংখ্যা(৩০/০৭/২০২৩ পর্যন্ত)	০-১ বছর বয়সী শিশুর নিবন্ধনের সংখ্যা	০-১ বছর বয়সী শিশুর জন্ম সনদ প্রস্তুত সংখ্যা	০-১ বছর বয়সী শিশুর জন্ম সনদ বিতরণের সংখ্যা
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	আলফাডাঙ্গা	পাঁচুড়িয়া	জুলাই/২০২৩	৩০	১৮	১৮	১৮

আগষ্ট/২০২৩ মাসের ০-১ বছর বয়সী শিশুর জন্ম নিবন্ধন সংক্রান্ত তথ

ক্রমিক নং	উপজেলার নাম	ইউনিয়নের নাম	মাসের নাম	জন্ম গ্রহণকৃত শিশুর সংখ্যা(৩০/০৭/২০২৩ পর্যন্ত)	০-১ বছর বয়সী শিশুর নিবন্ধনের সংখ্যা	০-১ বছর বয়সী শিশুর জন্ম সনদ প্রস্তুত সংখ্যা	০-১ বছর বয়সী শিশুর জন্ম সনদ বিতরণের সংখ্যা
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	আলফাডাঙ্গা	পাঁচুড়িয়া	আগষ্ট/২০২৩	২০	০৭	০৭	০৭

উপস্থাপনকৃত তথ্য পর্যালোচনান্তে দেখা যায় যে, পাঁচুড়িয়া ইউনিয়নের ০-১ বছর জন্ম ও মৃত্যু হার প্রকৃতই সন্তোষজনক। সভাপতি এই কাজের সাথে সংশ্লিষ্ট সকলকে আবারও ধন্যবাদ জ্ঞাপন করেন। আগামী দিনগুলোতে এই হার যেন আরও বৃদ্ধি পায় সে বিষয়ে সকলকে সজাগ থাকার জন্য সভাপতি মহোদয় আহ্বান জানান।

সিদ্ধান্তঃ জন্ম-মৃত্যু নিবন্ধনের এই হারকে আগামী দিনগুলোতে আরও বেশি করার জন্য সকলকে সচেতন থাকার জন্য পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নকারীঃ চেয়ারম্যান, সচিব, ওয়ার্ড সদস্যবৃন্দ, গ্রামপুলিশবৃন্দ এবং কমিটির অন্যান্য সদস্যবৃন্দ

২. শ্রেষ্ঠ গ্রামপুলিশ নির্বাচন, পুরস্কার প্রদান এবং অসহযোগিতার জন্য তিরস্কার প্রদানঃ

জুলাই/২০২৩ মাসে ০-৪৫ দিন বয়সী মোট ০৫টি শিশুর জন্ম নিবন্ধন ও ০৩টি মৃত্যু নিবন্ধন সম্পন্নকরণে সহযোগিতা করার জন্য ইসবপুর ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে ৯নং ওয়ার্ডের গ্রামপুলিশ জনাব মোঃ আব্দুস সামাদকে আন্তরিক ধন্যবাদ জানানো হয়; তাকে পরিষদের পক্ষ থেকে একটি ধন্যবাদপত্র ও সামান্য প্রাইজমানিও প্রদান করা হয়। পাশাপাশি জুলাই/২০২৩ মাসে ৩নং ওয়ার্ডে ০-৪৫ দিন বয়সী শিশুর জন্ম নিবন্ধন ও ০-৪৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধন একটিও না হওয়ায় উক্ত ওয়ার্ডের গ্রামপুলিশ অভিলাশ চন্দ্র মালাকে বিধি অনুযায়ী তিরস্কার করা হয় এবং ভবিষ্যতে এটি অব্যহত থাকলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা মর্মে তাকে সতর্ক করা হয়।

সিদ্ধান্তঃ জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যµ মে সহযোগিতার জন্য প্রতিমাসেই একজন শ্রেষ্ট গ্রামপুলিশ নির্বাচন করা হবে; তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হবে এবং যে গ্রামপুলিশের কাজের অবহেলা প্রমাণিত হবে তার বেতন-ভাতা বন্ধ করা হবে এবং বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

বাস্তবায়নকারীঃ চেয়ারম্যান, সচিব, ওয়ার্ড সদস্যবৃন্দ, গ্রামপুলিশবৃন্দ এবং কমিটির অন্যান্য সদস্যবৃন্দ।

আর কোন আলোচনা না থাকায়, ০-৪৫ দিন বয়সী সকল জন্ম ও মৃত্যু যেন আমরা সকলের সহযোগিতায় শতভাগ করতে পারি সেই আশাবাদ ব্যক্ত করে, সকলকে স্বাস্থ্য বিধি মেনে জলার আহ্বান জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্ত ঘোষনা করেন।